আজকের কাগজ

তারিখ 17 MAR 1995

পৃষ্ঠা ৭ কলাম ৪

43

প্রতীক কর্মবিরতির ৬ দিন কাটলো

# ৮ এপ্রিল থেকে সরকারি কলেজ শিক্ষকদের লাগাতার ধর্মঘট শুরু

কাগজ প্রতিবেদক : চার লাখ ছাত্র-ছাত্রীর ২৪৯ টি সরকারি বারো হাজার শিক্ষকের সংগ্রামী প্রতিষ্ঠান বাংলাদেশ সরকারি কলেজ অধ্যাপক সমিতি ও বাংলাদেশ সরকারি কলেজ প্রভাষক সমিতির নেতাদের আহ্বানে গতকাল ৬ দিন সারা দেশে সরকারি কলেজে ১০-১২টা দু ঘন্টা কর্মবিরতি পালিত হয়। ৮ এপ্রিল থেকে অনির্দিষ্টকাল কর্মবিরতি ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা '৯৫ সহ মে, জুন, জুলাই-এর সকল পরীক্ষা বর্জন করা হবে। সারাদেশে শিক্ষকবৃন্দ কর্মসূচির প্রতি দৃঢ় সমর্থন ব্যক্ত করেন। উভয় সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি অধ্যাপক কামাল আতাউর রহমান ও অধ্যাপক সমিতির মহাসচিব অধ্যাপক বদিউল আলম, প্রভাষক সমিতির মহাসচিব প্রভাষক আঃ হালিম এক বিবৃতিতে ২৮ ফেব্রুয়ারি ৫, ১০, ১২ বছর মেয়াদ উত্তীর্ণ যথাক্রমে প্রভাষককে সহকারী অধ্যাপক, সহকারী অধ্যাপককে সহযোগী অধ্যাপক পদে ও সহযোগী অধ্যাপককে অধ্যাপক পদে পদোন্নতি/পদোন্নয়ন, ১০% সংরক্ষিত কোটা বাতিল করে শূন্যপদে বিভাগীয় পদোন্নতি প্রদান, বেতন বৈষম্য দূর করে অন্যান্য ক্যাডারের সাথে সংগতি রজায় রাখতে ৪ বছরে প্রভাষকদের ৪১০০/-, ৫ বছরে ৪৮০০/-, সহকারী অধ্যাপকদের ৬৩০০/-, সহযোগী অধ্যাপকদের ৭১০০/- (এনাম কমিটি অনুমোদিত), অধ্যাপকদের ৭৮০০/- (এনাম কমিটির অনুমোদিত), সিলেকশন গ্রেড প্রাপ্ত অধ্যাপকদের ৮৬০০/-, মহিপরিচালকদের নির্ধারিত ১০,০০০/- টাকার স্কেল, ২৪৯ টি সরকারি কলেজে প্রয়োজনীয় সংখ্যক (প্রায় ৬০০০) শিক্ষক পদ সৃষ্টি, শূন্য পদে দ্রুত শিক্ষক নিয়োগ করে শিক্ষার মানোন্নয়ন, ওয়ারেন্ট অব প্রিসিডেন্সে অন্তর্ভুক্তি, ৬০ বছর চাকরির বয়সসীমা নির্ধারণ, ভুলে বাদ পড়া এবং বিনাসতর্কীকরণে ব্যাড এসিআর-এর কারণে বাদ পড়া কর্মকর্তাদের পদোন্নতি, ৪১০০/- টাকার ডিপিসির তারিখ নির্ধারণ, ৬টি বিভাগে মাউশি অধিদফতরকে বিভক্ত করে শিক্ষকদের ঢাক আসা যাওয়ার আর্থিক ও মানসিক কষ্ট লাঘব, গ্রন্থাগারীকদের জন্যে প্রস্তাবিত উচ্চতর পদ সৃষ্টি, প্রদর্শক ও শরীরচর্চা শিক্ষকদের পদোন্নতি ও সিলেকশন গ্রেড প্রদান, কাগজ ও শিক্ষা উপকরণের মূল্য হ্রাস, বিজ্ঞানাগারে আধুনিক যন্ত্রপাতি সরবরাহসহ ১২ দফা দাবি বাস্তবায়নে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও শিক্ষাসচিবের হস্তক্ষেপ কামনা করেছেন।